

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.০০১.২৫-৩৭২১

তারিখ: ২০/০৩/২০২৫ খ্রি।


অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০, তারিখ: ০২-০৩-২০২৬খ্রি. মারফত কর্মকর্তা-কর্মচারীদের সকাল ৯.০০টায় কর্মস্থলে উপস্থিত হয়ে সকাল ৯.৪০ মিনিট পর্যন্ত অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করা, কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ না করা এবং কর্তৃপক্ষকে না জানিয়ে দাপ্তরিক কাজ ছাড়া অফিস সময়ে নিজ দপ্তর ত্যাগ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া অত্র দপ্তর কর্তৃক ইতঃপূর্বে কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া এবং নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ না করাসহ আবশ্যিকভাবে সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকার জন্য ইতোপূর্বে একাধিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সদর দপ্তরসহ বিভাগ, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত অনেক কর্মকর্তা-কর্মচারী বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন না করে বিলম্বে কর্মস্থলে আগমন করছেন ও নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ করছেন এবং বিভিন্ন অজুহাতে কর্মস্থলে অনুপস্থিত থাকছেন। এছাড়াও মাঠ পর্যায়ের কোন কোন কর্মকর্তা-কর্মচারী দাপ্তরিক প্রয়োজন ব্যতীত ব্যক্তিগত বিভিন্ন প্রয়োজনে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করে দীর্ঘদিন/দীর্ঘসময় সদর দপ্তরে অবস্থান করেন। ফলে সরকারি কাজে মারাত্মক বিঘ্ন ঘটছে এবং দাপ্তরিক শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সদর দপ্তর (প্রকল্প/পরামর্শকসহ), বিভাগ, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে আবশ্যিকভাবে সকাল ৯.০০টায় কর্মস্থলে উপস্থিত হয়ে সকাল ৯.৪০মিনিট পর্যন্ত নিজ দপ্তরে অবস্থান, নির্ধারিত সময়ের পূর্বে বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ না করাসহ সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থেকে অর্পিত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে বিলম্বে উপস্থিত, নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগকারী এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


২০/৩/২৫

(মোঃ বেলাল হোসেন)

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল), এলজিইডি..... বিভাগ, জেলা:.....।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি,..... অঞ্চল, জেলা:.....।
- ৫) প্রকল্প পরিচালক(সকল),....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা:.....।
- ৭) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।